

ভর্তি বিজ্ঞপ্তি

সিলেট মহানগরের আওতাধীন সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় এবং সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়ে ২০১১ শিক্ষাবর্ষে তৃতীয়, ষষ্ঠ ও অষ্টম শ্রেণী (প্রভাতী ও দিবা শিফটে) ভর্তির জন্য আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ভর্তি পরীক্ষার সময়সূচি : ২৬/১২/২০১০ খ্রিঃ, রবিবার (সকাল ১০.০০ টা হতে ১২.০০ টা পর্যন্ত)।
 আবেদনপত্র সংগ্রহ ও জমাদান : ১৫/১২/২০১০ খ্রিঃ হতে ২৩/১২/২০১০ খ্রিঃ পর্যন্ত।
 ভর্তি পরীক্ষার ফি : ১০০/- (একশত) টাকা মাত্র।
 পরীক্ষার বিষয় ও পূর্ণমান : বাংলা - ৩০, ইংরেজি - ৩০, গনিত - ৪০ = মোট ১০০।
 ফলাফল প্রকাশ : ২৭/১২/২০১০ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে।
 ভর্তি ফরম সংগ্রহ : www.dcsylhet.gov.bd এ ওয়েবসাইটে অনলাইনের মাধ্যমে
 আবেদন করতে হবে।

নির্দেশণাবলীঃ

- 1) www.dcsylhet.gov.bd এ ওয়েবসাইটে গিয়ে ভর্তির আবেদনের নির্দিষ্ট লিংকে যেতে হবে।
- 2) ভর্তির আবেদনের জন্য নির্দিষ্ট অনলাইন ফরম পূরণ করতে হবে।
- 3) অনলাইন ফরম পূরণের সময়কালঃ ১৫/১২/২০১০ খ্রিঃ হতে ২৩/১২/২০১০ খ্রিঃ পর্যন্ত।
- 4) ফরম পূরণের পর আবেদনকারী ভর্তি পরীক্ষার রোল নম্বর প্রাপ্ত হবে।
- 5) আবেদনকারী প্রাপ্ত রোল নম্বর নিয়ে ১৫/১২/২০১০ খ্রিঃ হতে পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘন্টা পূর্ব পর্যন্ত বিদ্যালয়ের নির্দিষ্ট শাখায় নগদ ১০০/- (একশত) টাকা ও দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি নিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- 6) আবেদনকারী অনলাইনে ফরমটি নিজে পূরণ করতে না পারলে নির্দিষ্ট বিদ্যালয় শাখায় বা ২১/১২ ডিসেম্বর, ২০১০ খ্রিঃ সিলেট বিভাগীয় ডিজিটাল উদ্ভাবনী মেলায় (স্থানঃ সিলেট স্টেডিয়াম জিমনেসিয়ামে) নির্দিষ্ট স্টলে অনলাইনে ফরম পূরণ করতে পারবে।
- 7) শহীদ, যোদ্ধাহত মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী শিক্ষার্থী, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণী সমাপনী উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী কোটা সংরক্ষিত থাকবে।
- 8) ফলাফলঃ জেলা প্রশাসকের ওয়েবসাইট www.dcsylhet.gov.bd , সংশ্লিষ্ট বিদ্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- 9) ভর্তির সময় (প্রযোজ্য ক্ষেত্রে) শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন সার্টিফিকেট, ৫ম শ্রেণীর সমাপনী পরীক্ষার সার্টিফিকেট, সর্বশেষ প্রতিষ্ঠানের টি.সি. প্রদান করতে হবে।
- 10) সংরক্ষিত কোটার ক্ষেত্রে ভর্তির সময় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীর প্রশংসা পত্র, শহীদ/যোদ্ধাহত মুক্তিযোদ্ধার সন্তান/ প্রতিবন্ধী শিক্ষার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমানপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

(জাহাঙ্গীর কবীর আহাম্মদ)

প্রধান শিক্ষক

সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট

ও

সদস্য সচিব

ভর্তি কমিটি-২০১১।

